গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা
DEPUTY HIGH COMMISSION FOR THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH, KOLKATA

নং-বিডিএইচসি/এইচওসি-১১ /২০২৬ ০৩ সেপ্টেম্বর ২০২৬

# বিজ্ঞপ্তি

## ১৯ আগস্ট সংগঠিত অগ্নিকান্ড পরবর্তী সময়ে কলকাতা ভ্রমণরত বাংলাদেশিদের জন্য বিশেষ নির্দেশনা

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলকাতায় ১৯ আগস্ট ২০২৬ সংঘটিত অগ্নিকাণ্ডের পরবর্তী সময়ে স্থানীয় প্রশাসন কতৃক গৃহীত পদক্ষেপের পরিপ্রেক্ষিতে সৃষ্ট পরিস্থিতির বিবেচনায় চিকিৎসা বা অন্যান্য কারণে বাংলাদেশ থেকে কলকাতা ভ্রমণকারী বাংলাদেশী নাগরিকদের অনভিপ্রেত পরিস্থিতি এড়িয়ে চলার লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের অনুরোধ জানানো যাচ্ছে।

- কলকাতায় আগমনের পূর্বে সংশ্লিষ্ট হোটেলের বুকিং নিশ্চিত করে এবং হোটেলটির বর্তমান কার্যক্রম, কক্ষের প্রাপ্যতা ও অবস্থান সম্পর্কে যথাযথভাবে অবগত হয়ে ভ্রমণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

- চিকিৎসার উদ্দেশ্যে আগত রোগীর সফরসঙ্গীদের (attendents) কলকাতায় আসার পূর্বেই হোটেল বুকিং নিশ্চিত করতে হবে। একইসঙ্গে সংশ্লিষ্ট হোটেলের কক্ষের প্রাপ্যতা, বুকিংয়ের বৈধতা, হোটেল থেকে হাসপাতালের দূরত্ব এবং অন্যান্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সম্পর্কে কলকাতায় আগমনের পূর্বেই নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

কলকাতায় সাম্প্রতিক সময়ে সংগঠিত মর্মান্তিক অগ্নিকান্ডের পর স্থানীয় প্রশাসন ভবিষ্যতে এহেন দুর্ঘটনা এড়ানোর জন্য দুর্ঘটনাপ্রবণ আবাসিক হোটেল, রেস্তোরাঁসমূহ সাময়িক বন্ধ ঘোষণা করেছেন। স্থানীয় নিরাপত্তা বিধি ও অন্যান্য নিয়ম কানুন মেনে উক্ত হোটেল সমূহ পুনরায় চালু হতে মাসাধিক কাল লাগতে পারে বলে স্থানীয় কতৃপক্ষ জানিয়েছেন। এহেন পরিস্থিতিতে, কলকাতায় এসে আবাসনের সমস্যায় পড়া এড়াতে অগ্রিম হোটেল বুকিং নিশ্চিত না করে ভ্রমণ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

Deputy High Commission for Bangladesh • Kolkata •

বিতরণ:

১। ওয়েবসাইট/ফেসবুক -এ প্রকাশের জন্য।
২। বাংলাদেশ উপ-হাইকমিশন কলকাতার নোটিশ বোর্ড।
৩। অফিস কপি।